দৈনিক ইত্তেফাক

তারিখ ... 4 APR 2017
পৃষ্ঠা ... ৮ ... কলাম ... ৫ ...

# ডিগ্রি (পাস) ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফল প্রকাশ

■ গাজীপুর প্রতিনিধি

জাতীয় বিশ্ববিদ্যালয়ের অধীনে অনুষ্ঠিত ২০১৫ সালের ডিগ্রি পাস ও সার্টিফিকেট কোর্স ২য় বর্ষ পরীক্ষার ফল গতকাল সোমবার বিকেল ৪টায় প্রকাশিত হয়েছে। সারাদেশের ১৭২৯টি কলেজের মোট ৬৯১টি কেন্দ্রে এক লাখ ৬৯ হাজার ৩৪ জন পরীক্ষায় অংশগ্রহণ করে এক লাখ ৬১ হাজার ৫৫ জন উত্তীর্ণ হয়েছে। পাসের হার ৯৫.২৮ শতাংশ। পরীক্ষার্থীর রেজিস্ট্রেশন নম্বর ও কলেজওয়ারী ফল বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট (www.nu.edu.bd) ও (www.nubd.info) থেকে এবং যে কোন মোবাইল থেকে মেসেজ অপশনে গিয়ে nu<space> deg <space> reg লিখে 16222 নম্বরে Send করে ফল পাওয়া যাবে। পুনঃনিরীক্ষণের জন্য ৩ মে পর্যন্ত অনলাইনে (www.nubd.info) আবেদন করা যাবে। জাতীয় বিশ্ববিদ্যালয় জনসংযোগ, তথ্য ও পরামর্শ দফতরের ভারপ্রাপ্ত পরিচালক মো. ফয়জুল করিম স্বাক্ষরিত এক প্রেস বিজ্ঞপ্তিতে এ তথ্য জানিয়েছে।

### স্নাতক (সম্মান) প্রফেশনালে ভর্তি আবেদনের শেষ সময় ১৫ এপ্রিল

গতকাল অপর এক প্রেস বিজ্ঞপ্তিতে জানানো হয়, ১ম বর্ষ স্নাতক (সম্মান) প্রফেশনাল ভর্তি কার্যক্রমে যে সকল প্রার্থী মুক্তিযোদ্ধার সন্তান/আদিবাসী/ প্রতিবন্ধী/পোষ্য কোটায় আবেদন করেছে কিন্তু মেধা তালিকায় স্থান পায়নি অথবা স্থান পেয়েও ভর্তি হয়নি, তাদেরকে সংশ্লিষ্ট কোটার ক্ষেত্রে যথাযথ কর্তৃপক্ষের ইস্যুকৃত মূল সনদপত্রের সত্যায়িত কপি ও প্রাথমিক আবেদন ফরমসহ ডিন স্নাতকপূর্ব শিক্ষা বিষয়ক স্কুল বরাবর আগামী ১৫ এপ্রিল এর মধ্যে অবশ্যই সরাসরি আবেদন জমা দিতে হবে। জাতীয় বিশ্ববিদ্যালয়ে নির্দিষ্ট ওয়েবসাইট (www.admissions.nu.edu.bd অথবা nu.edu.bd/admissions) লিঙ্কে গিয়ে এ সংক্রান্ত তথ্য পাওয়া যাবে।